

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ২৪, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[মূল্য সংযোজন কর]
প্রজ্ঞাপন

তারিখ, ৯ অগ্রহায়ণ ১৪১৭ বঙ্গাব্দ/২৩ নভেম্বর ২০১০ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ৩৭৮-আইন/২০১০/৫৮০-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার ১৬ আষাঢ় ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন ২০১০ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৫৫-আইন/২০১০/৫৭৫-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত শর্ত (১) এর পরিবর্তে নিম্নরূপ শর্ত (১) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(১) নিম্নে বিধৃত টেবিলে উল্লিখিত পণ্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান (চুক্তিভিত্তিক উৎপাদক ব্যতীত), ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত ব্লক লিস্টে নির্ধারিত মূল্য ও পরিমাণের সীমার মধ্যে ঔষধ উৎপাদন করিতে হইবে,”।

রাষ্ট্রপতির আদেশক্রমে
ড. নাসিরউদ্দীন আহমেদ
সচিব।

মোঃ মাহুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(৯৮৪৩)

মূল্য ঃ টাকা ২.০০